যায়যায়দিন

তারিখ 5 APR 2012
পৃষ্ঠা ৩ কলাম ২

এমপিওভুক্তির দাবিতে বুধবার জাতীয় প্রেসক্লাবের সামনে বাংলাদেশ এমপিও বঞ্চিত শিক্ষক ফোরাম মানববন্ধন করে -যাযাদি

দাবি না মানলে আত্মাহুতি দেবেন এমপিও বঞ্চিত শিক্ষকরা

যাযাদি রিপোর্ট

আগামী এক মাসের মধ্যে এমপিওভুক্ত না করলে শিক্ষাভবনের ছাদ থেকে লাপিয়ে আত্মাহুতি দেবেন বলে হুশিয়ারি উচ্চারণ করেছেন এমপিও বঞ্চিত শিক্ষকরা।

২০০৯-১০ অর্থ বছরে এমপিওভুক্ত স্কুল, কলেজ ও মাদ্রসার এমপিও বঞ্চিত শিক্ষকরা এমপিওভুক্তির দাবিতে বুধবার জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধন করেছে। বাংলাদেশ এমপিও বঞ্চিত শিক্ষক ফোরাম আয়োজিত কর্মসূচিতে সভাপতিত্ব করেন ফোরামের আহ্বায়ক মনজিল-এ মিল্লাত। বক্তব্য রাখেন যুগ্ম আহ্বায়ক হাদিসুর রহমান, মুহাম্মদ আমীর আলী, সাইফুল ইসলাম, আবদুর রহিম, রেজওয়ান, রফিক ও প্রফুল্ল প্রমুখ। তারা বলেন, বর্তমান সরকারের আমলে ২০০৯-১০ অর্থ বছরে ১৬২২টি শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত হলেও প্যাটার্নভুক্ত ১৪৪১ জন শিক্ষক এমপিও বঞ্চিত হয়। এসব শিক্ষক গত ৮-১০ বছর ধরে নিষ্ঠার সঙ্গে বিনাবেতনে শিক্ষকতা করে আসছেন।

এমপিওভুক্তির দাবিতে গত ঈদুল আজহার দিন কেন্দ্রীয় শহীদমিনারে ঈদ উদযাপন, অনশনসহ বিভিন্ন কর্মসূচি পালন করলেও সরকারের টনক নড়ছে না। ঊর্ধ্বতন কর্তৃপক্ষ বারবার আশ্বাস দিয়েই এমপিওভুক্ত না করায় হতাশায় দিনযাপন করছেন তারা। আগামী এক মাসের মধ্যে এমপিওভুক্ত না করলে শিক্ষাভবনের ছাদ থেকে লাপিয়ে আত্মাহুতি দেবেন বলে হুশিয়ারি উচ্চারণ করেন শিক্ষকরা।